গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১, অধিশাখা
www.minland.gov.bd

ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০১৪.২০.

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জলমহাল ইজারা বন্দোবস্ত উন্নয়ন স্কীম বাতিল না করার জন্য আবেদন।

সূত্রঃ তার ০৫/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজমহল মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড কর্তৃক মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন "শালকাটুয়া বিল (বদ্ধ)" জলমহালটি ১৪২৭-১৪৩২ বাংলা সন মেয়াদে উন্নয়ন প্রকল্পে ইজারা প্রাপ্তির জন্য নির্ধারিত সময়ে আবেদন দাখিল করা হলেও মুল আবেদনের সাথে সমিতির মৎস্যজীবিদের জাতীয় পরিচয়পত্র দাখিল না করায় বাছাই কমিটি কর্তৃক আবেদন বাতিল করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং মন্ত্রণালয় হতে গত ২৪.০৪.২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.১৯.২৯০ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী মুল আবেদনের সাথে দাখিল না করে পরে কাগজপত্র দাখিলের কোনো বিধান না থাকায় তার ০৫/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আবেদন বিবেচনার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে তাকে অবহিত করা হ'ল।

মোঃ তাজুল ইসলাম মিয়া
উপসচিব
ফোন +৮৮০২-৯৫৪৯১৭৫
E-mail-mol_sairat_1@yahoo.com

জনাব মোঃ ওমর ফারুক
সভাপতি
রাজমহল মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড
গ্রাম-উত্তর ঘড়গাঁও, ডাকঘর-ঘড়গাঁও
উপজেলা-রাজনগর, জেলা-মৌলভীবাজার।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০১৪.২০. ৭৮০/১(৫)

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি।
৫। মাস্টার কপি।

মোঃ তাজুল ইসলাম মিয়া
উপসচিব